# AKASHVANI(AIR)

# RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 17-02-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১) নতুন দিল্লির ভারত মন্ডপমে ' ভারত কৃত্রিম মেধা শিখর সম্মেলনের আজ দ্বিতীয় দিন। একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা চলছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃত্রিম মেধা শিখর সম্মেলন সৃজনশীল ক্ষমতাকে উস্কে দিতে এক শক্তিশালী মাধ্যম ।

২) কেন্দ্রীয় ইলেকট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন ভারতের এ আই পরিমণ্ডলে প্রায় ২০ হাজার কোটি ডলার বিনিয়োগের সম্ভাবনা সৃষগটি হয়েছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মুম্বাই-এ ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হবেন।

৪) বাংলাদেশ ন্যাশানলিস্ট পার্টি-বি এন পির নব নির্বাচিত চেয়ারম্যান তারেক রহমান আজ সংসদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন।

৫) আসন্ন বিধানসভা নির্বাচন ও SIR প্রক্রিয়া খতিয়ে দেখতে আজ পশ্চিমবঙ্গে আসছেন নির্বাচন কমিশনের স্পেশাল রোল অবজার্ভার এন কে মিশ্র।

৬) টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে আজ তিনটি খেলা। প্রথম ম্যাচে কানাডা নিউজিল্যান্ডের সামনে জয়ের জন্য ১৭৪ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

oooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃত্রিম মেধা শিখর সম্মেলন সৃজনশীল ক্ষমতাকে উস্কে দিতে এক শক্তিশালী মাধ্যম । সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেছেন, এই সম্মেলন ভারতীয় প্রতিভার অসাধারণ সম্ভাবনা প্রদর্শনের সুযোগ এনে দিয়েছে। বিশ্বব্যাপী কল্যাণের ক্ষেত্রে তা

উল্লেখযোগ্য। তিনি আরও বলেছেন, মানব সভ্যতার অগ্রগতিতে কৃত্রিম বুদ্ধিমত্তার সুষ্ঠু ব্যবহারে সরকার দায়বদ্ধ।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী গতকাল নতুন দিল্লির ভারত মন্ডপমে ইন্ডিয়া AI ইমপ্যাক্ট এক্সপো-২০২৬-এর উদ্বোধন করেন। তিনি বলেন, দেশের অগ্রগতি জন্য শুধু নয়, গোটা বিশ্বের সামগ্রিক উন্নতির জন্য এবারের শিখর সম্মেলন গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নতুন দিল্লির ভারত মন্ডপমে 'কৃত্রিম মেধা সম্মেলন'-এর আজ দ্বিতীয় দিন। এই আন্তর্জাতিক শিখর সম্মেলনে একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আজ আলোচনা হচ্ছে। বিশ্বের ২০-টি দেশের নেতৃবৃন্দ এই বৈঠকে যোগ দিচ্ছেন।

সম্মেলনে আজ উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনার পাশাপাশি থাকছে ফ্ল্যাগশিপ নলেজ কম্পেন্ডেয়াম বা জ্ঞানের সংকলনের উদ্বোধন, স্বাস্থ্য, শিক্ষা, শক্তি, কৃষি সহ বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম মেধার প্রভাব এবং ব্যবহারিক এ আই-এর ওপর আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী বৃহস্পতিবার সম্মেলনে ভাষণ দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় ইলেকট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন যে বিনিয়োগকারী এবং পরিকাঠামোগত সংস্থাগুলি ভারতের এ আই পরিমণ্ডলে প্রায় ২০ হাজার কোটি ডলার বিনিয়োগের পরিকল্পনা করেছে। এক থেকে দুই বছরের মধ্যে তা বাস্তবায়িত হবে বলে আশা করা হচ্ছে।

আজ নতুন দিল্লিতে কৃত্রিম মেধা শিখর সম্মেলনের এআই ইমপ্যাক্ট সামিট-এ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের প্যাভিলিয়নের উদ্বোধনকালে শ্রী বৈষ্ণব এই কথা বলেন।

(বাইট – অশ্বিনী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতে শ্রীলঙ্কার হাই কমিশনার মাহিসিনী কলন্নী বলেছেন, কৃত্রিম মেধা শিখর সম্মেলনে শ্রীলঙ্কার অংশগ্রহণে ভারতের সঙ্গে তাদের ঘনিষ্ট অংশীদারিত্বের প্রতিফলন ঘটেছে। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি বলেন, এই গুরুত্বপূর্ণ শিখর সম্মেলনে যোগ দিতে শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশা নায়েকে নতুন দিল্লিতে পৌঁছেছেন। দুটি দেশই ভবিষ্যতের দিকে তাকিয়ে এক সঙ্গে

কাজ করতে বদ্ধ পরিকর। এছাড়াও সৃজনশীল, দায়বদ্ধ জন - কেন্দ্রিক কাজ সুনিশ্চিত করতে ভারত ও শ্রীলঙ্কা এক সঙ্গে পথ চলবে বলে তিনি মন্তব্য করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতে আর্জেন্টিনার রাষ্ট্রদূত মারিয়ানো কৌসিনো বলেছেন, ইন্ডিয়া AI ইম্প্যাক্ট সম্মেলন নতুন দিল্লিতে সাফল্যের সঙ্গে পরিচালিত হচ্ছে। তিনি এই আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের জন্য ভারতকে অভিনন্দন জানান। তিনি বলেন, গোটা বিশ্বজুড়েই কৃত্রিম বুদ্ধিমত্তা শিখর সম্মেলন নিয়ে আলোচনা হচ্ছে। এই সম্মেলনে আর্জেন্টিনা উপস্থিত থাকতে পারায় তিনি ভারতকে ধন্যবাদ জানান। ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের কথা উল্লেখ করে মারিয়ানো বলেন, দুটি দেশই গণতান্ত্রিক মূল্যবোধের ওপর নির্ভর করেই তাদের অবস্থা মজবুত করেছে।

উল্লেখ্য, দক্ষিণী বিশ্বে ভারতই প্রথম দেশ হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তা আন্তর্জাতিক শিখর সম্মেলনের আয়োজন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামীণ উন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ জয়পুরে দেশের কৃষকদের প্রযুক্তিগতভাবে সক্ষম করে তুলতে এআই-ভিত্তিক প্ল্যাটফর্ম ভারত-বিস্তারের উদ্বোধন করেছেন।এই অনুষ্ঠানে শিবরাজ সিং চৌহান ও রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা এআই ফর এগ্রিকালচার রোডম্যাপের ও সূচনা করেন। পাশাপাশি এআই হ্যাকাথন এবং অ্যাগ্রিকোষ প্রকল্পেরও ঘোষণা করা হয়।

এই প্ল্যাটফর্মে কৃষকরা একই সঙ্গে আবহাওয়ার আপডেট, বাজার দর, পোকামাকড় ও রোগ ব্যবস্থাপনা, মাটির স্বাস্থ্য, ফসল সংক্রান্ত পরামর্শ এবং সরকারি প্রকল্পের তথ্য পাবেন। প্রথম পর্যায়ে ফোন কল, চ্যাটবটের মাধ্যমে পরিষেবা পাওয়া যাবে। পরবর্তী পর্যায়ে যুক্ত হবে মোবাইল অ্যাপ্লিকেশন। প্রাথমিকভাবে হিন্দি ও ইংরেজি ভাষায় চালু হওয়া এই পরিষেবা দেশের বিভিন্ন রাজ্যের অসংখ্য কৃষকের কাছে পৌঁছাবে।

অনুষ্ঠানে দেশের বিভিন্ন রাজ্যের কৃষি মন্ত্রী এবং কৃষকরা আইসিএআর, কেভিকে, কৃষি বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানগুলির নেটওয়ার্কের মাধ্যমে ভার্চুয়ালি যুক্ত হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আশাপ্রকাশ করে বলেছেন, ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে তার গুরুত্বপূর্ণ বৈঠকে দুটি দেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরো শক্তিশালী হবে। মুম্বাই-এ আজ ফরাসী রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক প্রসঙ্গে সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, দুটি দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্বকে নতুন মাত্রায় পৌঁছে দিতে তিনি ম্যাক্রোকে স্বাগত জানাচ্ছেন। মুম্বাই-এ আজ এই দুই শীর্ষ নেতা এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হবেন।

উল্লেখ্য, প্রধানমন্ত্রীর আমন্ত্রণে সাড়া দিয়ে কৃত্রিম মেধা শিখর সম্মেলনে যোগ দিতে ফরাসী রাষ্ট্রপতি তিনদিনের সরকারি সফরে আজ ভারতে এসে পৌঁছেছেন। মুম্বাই বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান মহারাষ্ট্রের রাজ্যপাল আচার্য দেবব্রত এবং মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ।

ooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

ooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচন এবং ভোটার তালিকার বিশেষ সংশোধন প্রক্রিয়া খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গে আসছেন, নির্বাচন কমিশনের সদ্য নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভার NK মিশ্র। আজ সন্ধ্যায় তিনি রাজ্যে পৌঁছবেন বলে জানা গেছে। এর পরেই মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে জরুরি বৈঠকে বসবেন।

ভোটার তালিকার নিবিড় পরিমার্জন, প্রশাসনিক প্রস্তুতি এবং সংশ্লিষ্ট বিভিন্ন প্রক্রিয়ার অগ্রগতি খতিয়ে দেখতেই এই বৈঠক বলে কমিশন সূত্রে খবর।

উল্লেখ্য, ১৯৮৮-র ব্যাচের অবসরপ্রাপ্ত IPS আধিকারিক এন কে মিশ্রকে নির্বাচন কমিশন, স্পেশাল রোল অবজ়ার্ভার হিসেবে নিয়োগ করেছে। রাজ্যে SIR প্রক্রিয়ার তদারকি এবং নির্বাচনী প্রস্তুতির বিভিন্ন দিক পর্যালোচনা করাই তাঁর দায়িত্ব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জম্মু ও কাশ্মীরের আর এস পুরা এলাকায় একটি জুভেনাইল অবজারভেশন হোম থেকে তিন কিশোর বন্দি পালিয়েছে। এদের মধ্যে দু-জন পাকিস্তানি নাগরিক। তিনজনই কর্মরত দুই পুলিশকে আক্রমণ করে হেফাজত থেকে পালিয়ে যায়। জানা গেছে তাদের আক্রমণে ওই দুই পুলিশ কর্মী আহত হয়েছেন। আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়েছে। পালিয়ে যাওয়া তিন কিশোরকে খুঁজতে পুলিশ ব্যাপক তল্লাশি অভিযান শুরু করেছে। পলাতকদের মধ্যে রয়েছে মোহাম্মদ সানাউল্লাহ এবং আহসান আনোয়ার নামে দুই পাকিস্তানি নাগরিক। অন্যদিকে করণজিৎ সিং ওরফে গুগ্গা আর এস পুরার বাসিন্দা। তদন্ত শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বি এন পির চেয়ারম্যান তারেক রহমান আজ সংসদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন। জাতীয় সংসদ ভবনে দলের সংসদীয় দল- বি পি পির এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছেন।

এরফলে তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে বাংলাদেশে নতুন সরকার গঠন করতে যাচ্ছেন বলে অ সরকারি সংবাদ সংস্থা ইউনাইটেড নিউজ অফ বাংলাদেশ জানিয়েছে।

বাংলাদেশ ন্যাশানলিস্ট পার্টি-বি এন পির নবনির্বাচিত সাংসদেরা আজ সকালে জাতীয় সংসদে শপথ গ্রহণ করেছেন। তবে তারা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ গ্রহণ করেননি, স্থানীয় একটি শীর্ষস্থানীয় দৈনিক, ডেইলি স্টার এ খবর জানিয়েছে।

দ্বাদশ জাতীয় সংসদের স্পিকার এবং ডেপুটি স্পিকারের পদ বর্তমানে শূন্য থাকায় সংবিধান অনুসারে সকাল ১০টা ৪৩ মিনিটে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন শপথ পাঠ করান।

শপথ গ্রহণ অনুষ্ঠানের শুরুতে বি এন পি নেতা সালাউদ্দিন আহমেদ বলেন, দলীয় প্রধান তারেক রহমানের নির্দেশে বি এন পির নির্বাচিত সাংসদদের সংবিধান সংস্কার পরিষদের ফর্মে স্বাক্ষর না করার জন্য বলা হয়েছে। কারণ তারা কাউন্সিলের সদস্য হিসেবে নির্বাচিত হননি।

এদিকে, বি এন পি আইন প্রণেতারা যদি সাংবিধানিক সংস্কার কাউন্সিলের সদস্য হিসেবে শপথ নিতে অস্বীকার করেন তবেঁ, বাংলাদেশ জামায়াতে ইসলামীর নবনির্বাচিত সদস্যেরা শপথ নেবেন না বলে আজ সকালে দলের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের জানিয়েছেন। প্রথম আলোকে দেওয়া সাক্ষাতকারে তাহের বলেন যে তাদের নবনির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কিন্তু বি এন পি সাংসদেরা সাংবিধানিক সংস্কার কাউন্সিলের শপথ গ্রহণ না করলে জামায়েতের সদস্যরা শপথ গ্রহণ করবেন না। কারণ তারা সংস্কারবিহীন সংসদকে অর্থহীন বলে মনে করেন।

oooooooooooooooooooooooooo

টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে আজ তিনটি খেলা।

প্রথম ম্যাচে চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে কানাডা, নিউজিল্যান্ডের সামনে জয়ের জন্য ১৭৪ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

দ্বিতীয় ম্যাচ শ্রীলঙ্কার পাল্লেকিলেতে ভারতীয় সময় দুপুর তিনটেয় আয়ারল্যান্ড খেলবে জিম্বাবোয়ের বিরুদ্ধে।

তৃতীয় ম্যাচটি হবে মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে সন্ধ্যা সাতটায়। এই ম্যাচে স্কটল্যান্ড নেপালের মুখোমুখি হবে।

ooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooo